



আইসিসিকে চিঠি পাঠিয়ে বাংলাদেশকে সমর্থন জানাল পিসিবি



সংগৃহীত ছবি

পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) বাংলাদেশকে সমর্থন জানিয়ে আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা (আইসিসি)কে চিঠি দিয়েছে।

চিঠিতে বলা হয়েছে, নিরাপত্তার কারণে ভারতে খেলতে না চাওয়ার বিসিবি'র অবস্থান যৌক্তিক এবং তা সমর্থনযোগ্য। খবরটি জানিয়েছে ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ক্রিকইনফো। প্রতিবেদন অনুযায়ী, পিসিবি চিঠির একটি অনুলিপি আইসিসি বোর্ডের এক সদস্যের কাছে পাঠিয়েছে। এতে উল্লেখ করা হয়েছে, রাজনৈতিক অস্থিরতার কারণে বাংলাদেশ যদি ভারতে না যায়, তাতে সমালোচনার কিছু নেই। বাংলাদেশ ইতিমধ্যেই নিরাপত্তার দিক বিবেচনা করে বিশ্বকাপের কিছু ম্যাচ শ্রীলঙ্কায় খেলার প্রস্তাব দিয়েছে।

এর আগে, ১৭ জানুয়ারি আইসিসির প্রতিনিধিদল বাংলাদেশে এসে বিসিবির সঙ্গে বৈঠক করে। তবে আলোচনার পরও বাংলাদেশের অবস্থান অপরিবর্তিত থাকে। বিষয়টি চূড়ান্ত করতে আজ দুবাইয়ে বোর্ড সভা ডাকা হয়েছে। পাকিস্তানি গণমাধ্যম জানাচ্ছে, আইসিসি যদি বাংলাদেশের নিরাপত্তা দাবি মানতে অস্বীকার করে, তবে পাকিস্তান বিশ্বকাপ বয়কটের মতো কঠিন সিদ্ধান্ত নিতে পারে।

LENS ASIA